



পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

জেনারেল ম্যানেজারের কার্যালয়
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

ফোনঃ ০৪৪১-৬২২২০; E-mail: gmppbs@hotmail.com. Website: www.pbs.patuakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৮৯৫.৫৪০.০১.০৩৮.১৯.২৪৬৭

তারিখঃ ২০ কার্তিক' ১৪২৬ বঙ্গাব্দ।
০৫/১১/২০১৯ খ্রিঃ।

“দরপত্র বিজ্ঞপ্তি”

নিম্নের বর্ণনা মোতাবেক কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ ক্রয়ের জন্য পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় প্রকৃত বাংলাদেশী উৎপাদনকারী/সরবরাহকারী/ঠিকাদারী/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র দাখিল ও খোলার সময়সূচী		দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানতের পরিমাণ (টাকা)
			গ্রহণ	খোলা		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
১১/১৯-২০	কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ	০৬/১১/২০১৯ ইং তারিখ বুধবার হতে ২৭/১১/২০১৯ ইং তারিখ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।	২৮/১১/২০১৯ ইং তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।	২৮/১১/২০১৯ ইং তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:৩০ ঘটিকা।	৫০০.০০	৬৫,০০০.০০

- আগ্রহী দরদাতাগণ জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তর, কালিকাপুর, পটুয়াখালী এবং পরিচালক পল্লী মনিটরিং ব্যবস্থাপনা ও উন্নয়ন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, ১০ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে দরপত্র দলিল প্রেরণ / গ্রহণের আবেদন বিবেচিত হবে না।
- দরপত্র দাখিলের সময় প্রতিটি দরপত্রের সাথে জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে ০৭ নং কলামে বর্ণিত টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করত ৩ নং কলামে বর্ণিত সময় সীমার মধ্যে দরপত্র ক্রয় করতে হবে। ৪ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী সমিতির সদর দপ্তর এবং পরিচালক পল্লী মনিটরিং ব্যবস্থাপনা ও উন্নয়ন (দঃ অঃ) পরিদপ্তর, সদর দপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্র খামের উপরে সরবরাহতব্য মালামালের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। দরপত্র সমূহ বর্ণিত তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্রে উল্লিখিত Specification অনুযায়ী যাবতীয় মালামাল সরবরাহ করতে হবে। প্রদত্ত Specification অনুযায়ী স্থানীয় বাজারে মালামাল না পাওয়া গেলে প্রদত্ত Specification-এর বিপরীতে Upper Model-এর মালামালের দর প্রদান করা যাবে, তবে এ ক্ষেত্রে অফারকৃত মালামালের পর্যাপ্ত কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণী সহ) উল্লেখ থাকতে হবে। Specification-এর তুলনায় Lower Model-এর মালামাল কোন ক্রমেই গ্রহণ করা হবে না।
- সরবরাহতব্য মালামাল সম্পূর্ণ নতুন এবং ত্রুটিমুক্ত হতে হবে। মালামাল সরবরাহের পর নিশ্চয়তা কালের মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে কিংবা স্পেসিফিকেশন বহির্ভূত মালামাল সরবরাহ করা হয়েছে বলে প্রতীয়মান হলে সরবরাহকারীকে ক্রেতার নির্দেশ অনুযায়ী অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল নিজ দায়িত্বে এবং নিজ খরচে ত্রুটিমুক্ত করে দিতে হবে অথবা ত্রুটিমুক্ত মালামাল প্রতিস্থাপন করে দিতে হবে।
- দরপত্র দলিলে বর্ণিত সময়সীমার মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে সরবরাহকারী প্রতিষ্ঠান আবেদন করলে (কার্যাদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে) কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনা করলে সেক্ষেত্রে সর্বোচ্চ ০১ মাস পর্যন্ত সময়সীমা বর্ধিত করা যেতে পারে। এক্ষেত্রে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্ব সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। এরপরও যদি সরবরাহকারী প্রতিষ্ঠান যাবতীয় মালামাল সরবরাহে ব্যর্থ হয় এবং এরপরও যদি সরবরাহকারী প্রতিষ্ঠান পুনরায় সময়সীমা বর্ধিত করার জন্য আবেদন করেন তবে কর্তৃপক্ষ মনে করলে সময়সীমা বর্ধিত করতে পারবেন। এক্ষেত্রেও একই হারে বিলম্ব মাশুল কর্তন করা হবে। আর যদি কর্তৃপক্ষ মনে করে সময়সীমা বর্ধিত করা হবে না সেক্ষেত্রে কর্তৃপক্ষ কার্যাদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- কালো তালিকাভুক্ত/কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহের ব্যর্থ কোন প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।
- সরবরাহকারীপক্ষকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে। সরবরাহকারী কর্তৃক বিল দাখিলের পর প্রত্যয়নকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্ন বর্ণিত ঠিকানা হতে তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী জাতীয় তথ্য বাতায়ন www.pbs.patuakhali.gov.bd এ দেখতে পারবেন।
- বর্ণিত শর্তাবলীর বাহিরে কোন জটিলতা তৈরী হলে সর্বশেষ PPR এবং BREB-এর Instruction 300-36 অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

(বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হই,
অন্যকে ব্যবহারের সুযোগ দেই)

জেনারেল ম্যানেজার
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি